

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা
ওয়েবসাইট : www.hindustrust.gov.bd

নম্বর-১৬.০৫.০০০০.০০৩.১৪.৬০২.১৭-১৩১

তারিখ : ১৮/০৩/২০১৮ খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন মন্দির সংস্কার কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কর্মসূচির মেয়াদকালীন সময়ের জন্য নিম্নোক্ত পদসমূহ পূরণের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৬
০১।	সহকারী প্রকৌশলী	০১	১. প্রকৌশল (সিভিল)-এ স্নাতক ডিগ্রি। ২. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারী প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে কমপক্ষে ১৫ বৎসরের কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৩. আন্তর্জাতিক সংস্থায় কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ৪. প্রার্থীকে অবশ্যই সনাতন ধর্মের অনুসারী হতে হবে।
০২।	উপ-সহকারী প্রকৌশলী	০২	১. সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট হতে সিভিল-এ ডিপ্লোমা ২. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারী প্রতিষ্ঠানে ইঞ্জিনিয়ারিং (সিভিল) এ ০৫ বৎসরের কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৩. প্রার্থীকে অবশ্যই সনাতন ধর্মের অনুসারী হতে হবে।

শর্তাবলীঃ

- ০১। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ফরমে সচিব, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা বরাবরে আবেদন করতে হবে।
- ০২। আবেদনপত্র আগামী ২৭/০৩/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা- এর বরাবর ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে অথবা সরাসরি পৌঁছাতে হবে।।
- ০৩। আবেদনপত্রের সাথে হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট অনকুলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
- ০৪। অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এতদভিন্ন আবেদনের বর্ণিত তথ্যের স্বপক্ষে সকল প্রকার মূল সনদপত্র (অভিজ্ঞতার মূল সনদসহ) মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ০৫। আবেদন ফরমে বর্ণিত পরিমাপের সদ্য তোলা ০২(দুই) কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ০৬। নির্ধারিত ফরম ব্যতিত অথবা ক্রটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৭। সরকারী/আধাসরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৮। উপযুক্ত প্রার্থীদের পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রার্থীদের প্রদত্ত যোগাযোগের ঠিকানায় চিঠির মাধ্যমে জানানো হবে। আবেদনকারীর বর্তমান পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ০৬(ছয়) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ ৪.৫×৯.৫ সাইজের একটি খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৯। বর্ণিত পদের বেতনভাতা আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে।
- ১০। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১১। প্রার্থীদেরকে দরখাস্তের খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।
- ১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।



(রঞ্জিত কুমার দাস)
সচিব (অঃ দাঃ)
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট